

২৬৬৭৬



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং- বামাশিবো/প্রশাসন/নওগাঁ-১৭২/ ৪৬০

তারিখঃ ০৭/১১/২০১৭ খ্রিঃ

বিষয়ঃ সুপার জনাব আব্দুস সামাদ এর চাকুরীতে পুনর্বহাল প্রসঙ্গে।

- সূত্রঃ ১) নং- বামাশিবো/প্রশা/নওগাঁ-১৭২/১০২৯০; তারিখঃ ০২/০৩/২০১৭ খ্রিঃ।
২) নং- বামাশিবো/প্রশা/নওগাঁ-১৭২/১০৯৬৪; তারিখঃ ২৩/০১/২০১৭ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, নওগাঁ জেলার পোরশা উপজেলাধীন কালুকান্দর ইসলামিয়া দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটি কর্তৃক চাকুরি বিধি অনুযায়ী কোন প্রকার প্রসেসিং ড্র ব্যতীত সম্পূর্ণ অন্যান্য এবং অবৈধভাবে সুপারের বেতন ভাতাদির অংশ ছুগিত এবং দায়িত্ব পালনে বাধা প্রদান করা হচ্ছে মর্মে সুপার জনাব আব্দুস সামাদ ২১/১২/২০১৬খ্রিঃ তারিখে চাকুরিতে পুনঃবহালের জন্য হাইকোর্টে রীট মামলা করেন। তারই আলোকে ২৭/০২/২০১৭খ্রিঃ তারিখের হাইকোর্টের রীট আদেশ কপি সংযুক্ত করে চাকুরিতে পুনঃ বহালের জন্য সুপার জনাব আব্দুস সামাদ অত্র বোর্ডে একখানা আবেদন দাখিল করেন।

আবেদনের বিষয়ে সমর্থনীয় যাবতীয় কাগজপত্রাদিসহ বক্তব্য দাখিল করার জন্য সভাপতিকে সূত্রে উল্লিখিত ১ং স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে জবাব ও সমর্থনীয় কাগজপত্র দাখিল করা হয়েছে। দাখিলকৃত কাগজপত্র ও অত্র বোর্ডে রক্ষিত মাদ্রাসা সংক্রান্ত নথি পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, পদত্যাগ করার বিষয়টি জনাব মোঃ আব্দুস সামাদের ইচ্ছাতেই হয়েছে। এছাড়া অত্র বোর্ডের সনদ শাখার রেকর্ড যাচাইঅন্তে সাময়িক বরখাস্তকৃত সুপার জনাব আব্দুস সামাদ এর শিক্ষাগত যোগ্যতা সনদসমূহ সঠিক নয় মর্মে প্রমানিত হয়েছে এবং এ বিষয়ে দূনীতি দমন কমিশনে মামলা বিচারাধীন রয়েছে।


বর্ণিত অবস্থায় সুপার জনাব আব্দুস সামাদ এর চাকুরীতে পুনর্বহাল বিষয়ে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের কোন করণীয় নেই মর্মে সংশ্লিষ্ট সকলকে জানিয়ে দেয়া হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে



প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮



প্রাপকঃ ১) ভারপ্রাপ্ত, কালুকান্দর ইসলামিয়া দাখিল মাদ্রাসা, পোরশা, নওগাঁ।

২) সভাপতি- ম্যানেজিং কমিটি, কালুকান্দর ইসলামিয়া দাখিল মাদ্রাসা, পোরশা, নওগাঁ।

নং- বামাশিবো/প্রশাসন/নওগাঁ-১৭২/ ৪৬০

তারিখঃ ০৭/১১/২০১৭ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

- ১। জেলা প্রশাসক, নওগাঁ।
- ২। জেলা শিক্ষা অফিসার, নওগাঁ।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, পোরশা, নওগাঁ।
- ৪। উপজেলা মাধ্যমিক অফিসার, পোরশা, নওগাঁ।
- ৫। জনাব আব্দুস সামাদ, সুপার (সাময়িক বরখাস্তকৃত), কালুকান্দর ইসলামিয়া দাখিল মাদ্রাসা, পোরশা, নওগাঁ।
- ৬। পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৭। অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ- রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪